

যুগান্তর

MAY 24 2002

তারিখ
পৃষ্ঠা
কলাম

জাতীয় গ্রন্থকেন্দ্রে পুস্তক রচনা ও সম্পাদনা বিষয়ক প্রশিক্ষণ

সম্প্রতি জাতীয় গ্রন্থকেন্দ্রের সেমিনার হলে পুস্তক রচনা, অনুবাদ ও সম্পাদনা বিষয়ক এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে প্রশিক্ষণ দেন ড. ওয়াকিল আহমেদ, অধ্যাপক আবুল কালাম মঞ্জুর মোরশেদ ও জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মোঃ শফিক-উল-ইসলাম (মাহমুদ শফিক)। মাহমুদ শফিক বলেন, বর্তমান যুগে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণ ছাড়া, পদ্ধতিগত শিক্ষাদান ছাড়া দক্ষ জনশক্তি গড়ে উঠবে না। এছাড়া কোর্সে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেন ড. আশাউদ্দিন আল আজাদ, অধ্যাপক সাইদ উর রহমান, মহিউদ্দিন আহমেদ, সৈয়দ তোশাররফ আলী ও মোক্তাররম হোসেন। ১৮ মে এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মনিকজামান মিল্লা। সংবাদ বিজ্ঞপ্তি।